গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

রেলপথ মন্ত্রণালয়

বাজেট ও পরিবীক্ষণ অনুবিভাগ

বাজেট-২ শাখা

**অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত বাজেট পরিপত্র অনুসরণে রেলপথ মন্ত্রণালয় এবং অধীনস্থ রেলপথ পরিদর্শন অধিদপ্তর ও বাংলাদেশ রেলওয়ের ২০২৩-২৪ অর্থবছরের সংশোধিত বাজেট প্রাক্কলন চূড়ান্তকরণের লক্ষ্যে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী**

---

| | |
|---|---|
| সভাপতি | ড. মো: হুমায়ুন কবীর<br>সচিব, রেলপথ মন্ত্রণালয় |
| সভার তারিখ | ১১.১২.২০২৩ |
| সভার সময় | সকাল ১১:০০ টায় |
| স্থান | রেলপথ মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নম্বর-৯৩০, ৯ম তলা, রেলভবন, ঢাকা) |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক (সভাকক্ষ এবং অনলাইনে উপস্থিতি) |

সভাপতি সভাকক্ষে এবং জুম প্লাটফরমে অংশগ্রহণকারী সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি চলমান ২০২৩-২৪ অর্থবছরে রেলপথ মন্ত্রণালয়ের দপ্তর/সংস্থা/বাজেট ইউনিট/প্রকল্পওয়ারী প্রস্তাবিত সংশোধিত বাজেট যেমন- রাজস্ব ও মূলধন প্রাপ্তির সংশোধিত লক্ষ্যমাত্রা, পরিচালন ব্যয়ের সংশোধিত প্রাক্কলন এবং উন্নয়ন ব্যয়ের সংশোধিত প্রাক্কলন প্রভৃতি আলোচ্যসূচি অনুযায়ী উপস্থাপনের জন্য উপসচিব (বাজেট)-কে অনুরোধ জানান।

০২। উপসচিব (বাজেট) সভায় অবহিত করেন যে, সংশোধিত বাজেট প্রাক্কলন প্রণয়নের ক্ষেত্রে অর্থবিভাগ কর্তৃক জারিকৃত বাজেট পরিপত্রের অনুশাসন অনুযায়ী রাজস্ব ও মূলধন প্রাপ্তির সংশোধিত প্রাক্কলন (ফরম-১),পরিচালন ব্যয়ের সংশোধিত প্রাক্কলন (ফরম-২), উন্নয়ন বাজেট হতে অর্থায়নকৃত স্কিমের সংশোধিত প্রাক্কলন (ফরম-৩), সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (বিনিয়োগ কর্মসূচি ও কারিগরি সহায়তা কর্মসূচি)/সংশোধিত উন্নয়ন বাজেট প্রণয়নের জন্য ফরম-৪ ও ফরম-৫ ( কেবল খাদ্য সাহায্যপুষ্ট প্রকল্পের ক্ষেত্রে প্রযোজ্য) এবং ফরম-৬ (উন্নয়ন ব্যয়ের প্রাক্কলন ও প্রক্ষেপণ) যথাযথ পূরণপূর্বক বাজেট ব্যবস্থাপনা কমিটি কর্তৃক পরীক্ষা ও অনুমোদনক্রমে ০৭ ডিসেম্বর, ২০২৩ তারিখের মধ্যে অর্থ বিভাগের বাজেট অনুবিভাগ-১/২, পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগ, সাধারণ অর্থনীতি বিভাগ ও সংশ্লিষ্ট সেক্টর ডিভিশনে প্রেরণের নির্দেশনা ছিল। তিনি আরও জানান যে, অর্থবিভাগ কর্তৃক জারীকৃত বাজেট পরিপত্রের নির্দেশনা অনুযায়ী বাজেট ব্যবস্থাপনা কমিটি কর্তৃক চূড়ান্তকরণের লক্ষ্যে রেলপথ মন্ত্রণালয়ের প্রশাসন অনুবিভাগ, রেলপথ পরিদর্শন অধিদপ্তর এবং বাংলাদেশ রেলওয়ে ও অধীনস্থ সকল বাজেট ইউনিটের সংশোধিত বাজেট প্রাক্কলন ০৭/১২/২০২৩ তারিখের মধ্যে IBAS++ সিস্টেমে এন্ট্রি প্রদানসহ এ মন্ত্রণালয়ের বাজেট ও পরিবীক্ষণ অনুবিভাগে প্রেরণের জন্য বাজেট অধিশাখা হতে অনুরোধ জানানো হয়েছিল। তৎপরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট সকল বাজেট ইউনিট/প্রকল্পের নির্ধারিত ছক মোতাবেক সংশোধিত বাজেট প্রস্তাব IBAS++ সিস্টেমে এন্ট্রি সম্পন্ন করা হয়েছে এবং সংশ্লিষ্ট সকল বাজেট ইউনিট কর্তৃক প্রাপ্ত তথ্যের ভিত্তিতে এ সভার আলোচ্যসূচি সমূহের সার-সংক্ষেপ প্রস্তুত করা হয়েছে। অতঃপর সভার আলোচ্যসূচিসমূহ তিনি নিম্নরূপভাবে উপস্থাপন করেন।

০৩। আলোচ্যসূচি-২ অনুযায়ী রেলপথ মন্ত্রণালয়ের ২০২৩-২৪ অর্থবছরের জন্য রাজস্ব ও মূলধন প্রাপ্তির সংশোধিত বাজেট প্রাক্কলনের সার-সংক্ষেপ নিম্নের ছকে উপস্থাপন করা হয়ঃ

| আলোচ্যসূচি ২: রাজস্ব ও মূলধন প্রাপ্তির সংশোধিত লক্ষ্যমাত্রার প্রস্তাব (অংকসমূহ হাজার টাকায়) | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| অধিদপ্তর/পরিদপ্তর /সংস্থা | বাজেট (২০২১-২০২২) | | বাজেট (২০২২-২০২৩) | | বাজেট | সংশোধিত বাজেট প্রস্তাব | ১ম ০৫ (পাঁচ) মাসের রাজস্ব প্রাপ্তি | শতকরা হার% |
| | লক্ষমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষমাত্রা | প্রকৃত অর্জন | ২০২৩-২৪ | | | |
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ |
| **সচিবালয়, রেলপথ মন্ত্রণালয়** | **৬,০০** | **৭,৪০** | **৭,০০** | **৪৩,৯৭** | **৬,৪২** | **৬,৪২** | **১,৭৩** | **২৬.৯৫%** |
| **মোট (সচিবালয়, রেলপথ মন্ত্রণালয়)=** | **৬,০০** | **৭,৪০** | **৭,০০** | **৪৩,৯৭** | **৬,৪২** | **৬,৪২** | **১,৭৩** | **২৬.৯৫%** |
| মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে (কেন্দ্রীয় অঞ্চল) | **৪,০৪,২৪** | **৯৭,৯৫,১৫** | **১,৩০,৫৫** | **১০৫,৬৬,০০** | ৫০,০০ | **১৪০,০০,০০** | **৩৬,৫৪,০০** | -- |
| জেনারেল ম্যানেজার (পূর্ব) এর কার্যালয়সমূহ, বাংলাদেশ রেলওয়ে | **৯৩৫,৪৬,২২** | **৭৪৭,২৭,০০** | **৯৮৮,৫৮,০০** | **১০২০,৩৩,০০** | **১৩১৫,৭৩,২১** | **১২০৮,০৫,২০** | **২৫৬,৪৩,০০** | **১৯.৪৯%** |
| জেনারেল ম্যানেজার (পশ্চিম) এর কার্যালয়সমূহ, বাংলাদেশ রেলওয়ে | **৯৫২,৬০,৫১** | **৬২১,৩০,০০** | **১৩৭৮,০৫,৯৬** | **৬৫৭,৭০,০০** | **১৪৮৪,৬৫,১৪** | **৭৮০,২০,৮৫** | **১৪৯,০৬,৭৬** | **১০.০৫%** |
| **মোট (বাংলাদেশ রেলওয়ে)=** | **১৮৯২,১০,৯৭** | **১৪৬৬,৫২,১৫** | **২৩৬৭,৯৪,৫১** | **১৭৮৩,৬৯,০০** | **২৮০০,৮৮,৩৫** | **২১২৮,২৬,০৫** | **৪৪২,০৩,৭৬** | **১৫.৮১%** |
| **সর্বমোট=** | **১৮৯২,১৬,৯৭** | **১৪৬৬,৫৯,৫৫** | **২৩৬৮,০১,৫১** | **১৭৮৪,১২,৯৭** | **২৮০০,৯৪,৭৭** | **২১২৮,৩২,৪৭** | **৪৪২,৮৯,৭৬** | **১৫.৮১%** |

০৪। সভায় জানানো হয় যে, ২০২৩-২৪ অর্থবছরে রেলপথ মন্ত্রণালয়ের জন্য রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা ছিল ২৮০০.৮৮ কোটি টাকা। জেনারেল ম্যানেজার (পূর্ব) এর কার্যালয়ে ২০২৩-২৪ অর্থবছরের জন্য লক্ষ্যমাত্রা ছিল ১৩১৫.৭৩ কোটি টাকা সংশোধিত লক্ষ্যমাত্রা ১২০৮.০৫ কোটি টাকা নির্ধারিত করা হয়েছে। এ বিষয়ে জেনারেল ম্যানেজার (পূর্ব) এর নিকট বিস্তারিত ব্যাখ্যা চাওয়া হয়। এ পরিপ্রেক্ষিতে সভাপতি সভাকে জানান যে, ইতোমধ্যে ঢাকা-কক্সবাজার-ঢাকা রুটে ১টি নতুন ট্রেন চালু হয়েছে এবং জানুয়ারি/২৪ এ আরও একটি নতুন ট্রেন চালু হবে। পরবর্তীতে আলোচনার মাধ্যমে ১২৫০.০০ কোটি টাকা সংশোধিত লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। রেলপথ মন্ত্রণালয়ের জন্য নির্ধারিত সর্বমোট লক্ষ্যমাত্রা ২৮০০.৯৪ কোটি টাকার বিপরীতে সংশোধিত লক্ষ্যমাত্রা হিসেবে ২১২৮.৩২ কোটি টাকা প্রস্তাব করা হয়েছে। এক্ষেত্রে সর্বমোট ৬৭২.৬২ কোটি হ্রাস করা হয়েছে।

০৫। সভাপতি ২০২৩-২৪ অর্থবছরের জন্য প্রকৃত লক্ষ্যমাত্রার তুলনায় প্রথম ৫(পাঁচ) মাসের প্রকৃত রাজস্ব প্রাপ্তি কম হওয়ায় (মাত্র ১৫.৮১%) অসন্তোষ প্রকাশ করেন এবং রেলওয়ের রাজস্ব প্রাপ্তি বাড়ানোর লক্ষ্যে বাজেট ইউনিট ভিত্তিক বিভিন্ন খাতে প্রাপ্ত রাজস্ব প্রাপ্তির অগ্রগতি পর্যালোচনাপূর্বক সময়মত হিসাবরক্ষণের লক্ষ্যে সংশ্লিষ্ট সকল বাজেট ইউনিটের সমন্বয়ে প্রতি মাসে সভা অনুষ্ঠানের জন্য নির্দেশনা/পরামর্শ প্রদান করেন। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে সভাপতির দৃষ্টি আকর্ষণ করে জানান যে, আইবাস$^{++}$ সিস্টেমের সমস্যার কারণে অনেক ক্ষেত্রে নির্ধারিত সময়ের মধ্যে হিসাবরক্ষণ করা যাচ্ছে না। ফলে প্রকৃত রাজস্ব প্রাপ্তি প্রতিবেদনে উল্লেখিত রাজস্ব প্রাপ্তির চেয়েও বেশী হবে। বাংলাদেশ রেলওয়ের রাজস্ব প্রাপ্তির হিসাবরক্ষণ আইবাস++ সিস্টেম পুরোপুরি কার্যকর করা গেলে রাজস্ব প্রাপ্তির প্রকৃত তথ্য যথাসময়ে পাওয়া যাবে। সভাপতি রেলপথ মন্ত্রণালয়ের রাজস্ব প্রাপ্তির সংশোধিত প্রাক্কলণ চূড়ান্তকরণের লক্ষ্যে অর্থবিভাগে অনুষ্ঠেয় সভায় প্রয়োজনীয় যৌক্তিকতা ও তথ্য-উপাত্ত উপস্থাপন করার জন্য বাংলাদেশ রেলওয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করেন এবং অর্থবছরের অবশিষ্ট সময়ে রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা অর্জনে আরো কার্যকর পদক্ষেপ গ্রহণ করার জন্য মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে-কে অনুরোধ জানান।

০৬। আলোচ্যসূচি-৩ অনুযায়ী রেলপথ মন্ত্রণালয়ের ২০২৩-২৪ অর্থবছরের জন্য পরিচালন বাজেটের সংশোধিত প্রাক্কলনের সার-সংক্ষেপ নিম্নের ছকে উপস্থাপন করা হয়ঃ

| আলোচ্যসূচী (০৩): সংশোধিত পরিচালন ব্যয় প্রস্তাব (অংকসমূহ হাজার টাকায়) | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| অধিদপ্তর/পরিদপ্তর /সংস্থা | বাজেট (২০২১-২০২২) | | বাজেট (২০২২-২৩) | | বাজেট ২০২৩-২০২৪ | | ১ম ০৫ (পাঁচ) মাসের ব্যয় | শতকরা হার |
| | বাজেট বরাদ্দ | প্রকৃত ব্যয় | বাজেট বরাদ্দ | প্রকৃত ব্যয় | বাজেট | সংশোধিত বাজেট প্রস্তাব | | |
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ | ০৮ | ০৯ |
| সচিবালয় অংশ | ১৫,৪৩,৭৩ | ১১,৯৯,৪০ | ১৬,০৪,৮২ | ১০,৯৩,৫৯ | ১৮,৫৮,০০ | ১৪,৭৭,১০ | ৩,৯০,৯২ | ২১.০৪% |
| রেলপথ পরিদর্শন অধিদপ্তর অংশ | ৬৭,৬০ | ৪৭,৬০ | ৫২,৬৮ | ৩৪,৭৬ | ৮৭,০০ | ৬৫,৩২ | ১৪,০০ | ১৬.০৯% |
| মোট সচিবালয় | ১৬,১১,৩৩ | ১২,৪৭,০০ | ১৬,৫৭,৫০ | ১১,২৮,৩৫ | ১৯,৪৫,০০ | ১৫,৪২,৪২ | ৪,০৪,৯২ | |
| বাংলাদেশ রেলওয়ে | ৩৭৬২,৯৮,৪৮ | ৩২৪০,৬৫,২৩ | ৩৮৬৫,১১,৬০ | ৩৩০৭,৬৪,২৬ | ৪০৩১,১৮,০০ | ৩৯৩৮,৯৪,৯৩ | ১৫৫৯,২৩,৮৪ | ৩৮.৬৮% |
| সর্বমোট= | ৩৭৭৯,০৯,৮১ | ৩২৫৩,১২,২৩ | ৩৮৮১,৬৯,১০ | ৩৩১৮,৯২,৬১ | ৪০৫০,৬৩,০০ | ৩৯৫৪,৩৭,৩৫ | ১৫৬৩,২৮,৭৬ | ৩৮.৫৯% |

০৭। সভায় জানানো হয় যে, ২০২৩-২৪ অর্থবছরে রেলপথ মন্ত্রণালয়ের ১১৯টি পরিচালন বাজেট ইউনিটের পরিচালন ব্যয়সীমা ৪০৫০.৬৩ কোটি টাকার স্থলে ৯৬.২৬ কোটি টাকা হ্রাস করে ৩৯৫৪.৩৭ কোটি টাকা সংশোধিত পরিচালন ব্যয়ের প্রস্তাব করা হয়েছে। সর্বমোট ৫০টি ডিডিও এর টাকা উদ্বৃত্ত রয়েছে। তাছাড়া উপপরিচালক (বাজেট), বাংলাদেশ রেলওয়ে সভাকে জানান যে, ২০২৩-২৪ অর্থবছরে সংশোধিত বাজেটে চাহিদার বাহিরেও ১১টি বাজেট ইউনিট হতে অতিরিক্ত ৪৫.৮৬ কোটি টাকার অতিরিক্ত চাহিদা রয়েছে মর্মে জানান। সভাপতি জানান যে, প্রতিটি ইউনিটের জন্য নির্ধারিত সিলিং এর বাহিরে বরাদ্দ দেওয়া সম্ভব নয়। তবে উদ্বৃত্ত ৯৬.২৬ কোটি টাকা উপযোজনের মাধ্যমে বরাদ্দ প্রদানের বিষয়ে অর্থবিভাগ কর্তৃক নির্ধারিত ২০২৩-২৪ অর্থবছরের সংশোধিত বাজেট (পরিচালন) আলোচনা সভায় উপস্থান করার জন্য নির্দেশনা দেন। কোন বাজেট ইউনিটের কোন খাত/খাতসমূহে এন্ট্রি কম দেওয়া হয়েছে তা অর্থবিভাগের সাথে সমন্বয় করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বাংলাদেশ রেলওয়ের সংশ্লিষ্ট বাজেট কর্মকর্তাদের পরামর্শ প্রদান করেন।

০৮। আলোচ্যসূচি-৪ অনুযায়ী রেলপথ মন্ত্রণালয়ের ২০২৩-২৪ অর্থবছরের জন্য উন্নয়ন বাজেটের সংশোধিত প্রাক্কলনের সার-সংক্ষেপ নিম্নের ছকে উপস্থাপন করা হয়ঃ

| ২০২৩-২৪ অর্থবছরের রেলপথ মন্ত্রণালয়ের উন্নয়ন বাজেট বাস্তবায়ন (লক্ষ টাকায়) | | | | | | | | | | | | | | | শতকরা হার |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| অধিদপ্তর/পরিদপ্তর /সংস্থা | বাজেট ২০২১-২২ | | বাজেট ২০২২-২৩ | | উন্নয়ন বাজেট | | | সংশোধিত উন্নয়ন ব্যয় প্রস্তাব | | | ১ম ০৫ (পাঁচ) মাসের ব্যয় | | | | |
| | বাজেট বরাদ্দ | প্রকৃত ব্যয় | বাজেট বরাদ্দ | প্রকৃত ব্যয় | ২০২৩-২৪ | | | | | | | | | | |
| | | | | | জিওবি | পিএ | মোট | জিওবি | পিএ | মোট | জিওবি | পিএ | মোট | | |
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ | ০৮ | ০৯ | ০৬ | ০৭ | ০৯ | ১০ | ১১ | ১২ | |
| সচিবালয় অংশ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ৫৮৭,১৮ | ০.০০ | ৫৮৭,১৮ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০% | |
| বাংলাদেশ রেলওয়ে | ১২৫৭৫,৯০ | ১১৪৭৮,৮৯ | ১২৫৯৬,৪৭ | ১১৩৯৪,৬০ | ৪৩৮১,৫২ | ১০১৭৭,৫৬ | ১৪৫৫৯,০৮ | ৩৬৩৯,২২ | ৯৪৯২,১১ | ১৩১৩১,৩৩ | ৯৪২,৮৩ | ২৯৩৩,০৭ | ৩৮৭৫,৯০ | ২৫.৫৯% | |
| সর্বমোট= | ১২৫৭৫,৯০ | ১১৪৭৮,৮৯ | ১২৫৯৬,৪৭ | ১১৩৯৪,৬০ | ৪৯৬৮,৭০ | ১০১৭৭,৫৬ | ১৫১৪৬,২৮ | ৩৬৩৯,২২ | ৯৪৯২,১১ | ১৩১৩১,৩৩ | ৯৪২,৮৩ | ২৯৩৩,০৭ | ৩৮৭৫,৯০ | ২৫.৫৯% | |

০৯। সভায় জানানো হয় যে, ২০২৩-২৪ অর্থবছরের উন্নয়ন বাজেটে ৩৬টি প্রকল্প (বিনিয়োগ প্রকল্প-৩১টি+ কারিগরী সহায়তা প্রকল্প ০৫টি) বাস্তবায়নের লক্ষ্যে সচিবালয় খাতে থোক (জিওবি) হিসেবে ৫৮৭.১৮ কোটি টাকাসহ (১৫,১৪৬.২৮ কোটি টাকা (জিওবি ৪৯৬৮.৭০ কোটি টাকা+১০,১৭৭.৫৬ কোটি টাকা) ধার্য্য আছে। কিন্তু সামষ্ঠিক হিসাবে রেলপথ মন্ত্রণালয়ের উন্নয়ন বাজেটের সংশোধিত প্রাক্কলনে ১৪২৭.৭৫ কোটি টাকা কমিয়ে ১৩,১৩১.৩৩ কোটি টাকা (জিওবি=৩৬৩৯.২২ কোটি টাকা+পিএ=৯৪৯২.১১) প্রস্তাব করা হয়েছে। সভায় আরো জানানো হয় যে, নভেম্বর/২০২৩ পর্যন্ত আর্থিক অগ্রগতি মোটের ওপর ২৫.৫৯%। এ বিষয়ে অতিরিক্ত সচিব (পরিকল্পনা), রেলপথ মন্ত্রণালয় ১৪২৭.৭৫ কোটি টাকা হ্রাস করার বিষয়ে প্রধান পরিকল্পনা কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ের নিকট জানতে চাইলে তিনি জানান যে, পদ্মা সেতু রেল সংযোগ প্রকল্পে ৭০০.০০ কোটি টাকা এবং বঙ্গাবন্ধু শেখ মুজিব রেলওয়ে সেতু নির্মাণ প্রকল্পে ১০৬০.৭১ কোটি টাকা হ্রাস করা হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

১০।	সভাপতি বর্তমান অর্থবছরের অবশিষ্ট সময়ে রেলপথ মন্ত্রণালয়, রেলপথ পরিদর্শন অধিদপ্তর ও বাংলাদেশ রেলওয়ের সকল বাজেট ইউনিট/প্রকল্পের প্রস্তাবিত সংশোধিত রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা এবং সংশোধিত ব্যয়সীমা (পরিচালন ও উন্নয়ন) অর্জনে সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে আরো তৎপর হওয়ার জন্য নির্দেশনা প্রদান করেন। অতঃপর বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

**সিদ্ধান্ত-কঃ** রেলপথ মন্ত্রণালয়ের সকল বাজেট ইউনিট/প্রকল্প কর্তৃক প্রস্তাবিত রাজস্ব প্রাপ্তির সংশোধিত প্রাক্কলন এবং ব্যয়সীমার (পরিচালন বাজেট ও উন্নয়ন) সংশোধিত প্রাক্কলন অর্থ বিভাগ, পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগ, সাধারণ অর্থনীতি বিভাগ ও সংশ্লিষ্ট সেক্টর ডিভিশনে প্রেরণ করতে হবে।

**বাস্তবায়নেঃ** উপসচিব (বাজেট), রেলপথ মন্ত্রণালয়।

**সিদ্ধান্ত-খঃ** বাংলাদেশ রেলওয়ের বাজেট প্রণয়ন ও বাস্তবায়ন কার্যক্রম আরো দক্ষ ও ফলপ্রসু করার লক্ষ্যে বাংলাদেশ রেলওয়ের কেন্দ্রীয় অঞ্চল, পূর্বাঞ্চল ও পশ্চিমাঞ্চলের কার্যালয়সমূহের সকল বাজেট কর্মকর্তাদের সমন্বয়ে প্রতিমাসে পৃথকভাবে সভা অনুষ্ঠান করতে হবে।
**বাস্তবায়নেঃ** অতিরিক্ত মহাপরিচালক (অর্থ) এবং জেনারেল ম্যানেজার (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে।


**সিদ্ধান্ত-গঃ** বাংলাদেশ রেলওয়ের পরিচালন বাজেটের সংশোধিত প্রস্তাবের অতিরিক্ত চাহিদার বিষয়টি যাচাইক্রমে অর্থবিভাগের সাথে সমন্বয় করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**বাস্তবায়নেঃ**উপপরিচালক (অর্থ/বাজেট),বাংলাদেশ রেলওয়ে।

**সিদ্ধান্ত-ঘঃ** বাংলাদেশ রেলওয়ে (পূর্ব) এর প্রস্তাবিত সংশোধিত রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা ১২৫০ কোটি টাকা নির্ধারণপূর্বক আইবাসে এন্ট্রি নিশ্চিত করতে হবে।

**বাস্তবায়নেঃ** উপসচিব (বাজেট), রেলপথ মন্ত্রণালয়।

১১।	অতঃপর সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



ড. মো: হুমায়ুন কবীর
সচিব, রেলপথ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫৪.০০.০০০০.০৩৩.৩২.০০১.২৩.১৬৪

তারিখ: ২৭ অগ্রহায়ণ ১৪৩০
১২ ডিসেম্বর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
২) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৩) মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে
৪) অতিরিক্ত সচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়
৫) অতিরিক্ত মহাপরিচালক (সকল), বাংলাদেশ রেলওয়ে
৬) যুগ্ম সচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়
৭) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, রেলপথ মন্ত্রণালয়
৮) যুগ্ম-সচিব, বাজেট-৫ অধিশাখা, অর্থ বিভাগ
৯) যুগ্মপ্রধান, রেল পরিবহন অনুবিভাগ, পরিকল্পনা কমিশন
১০) উপসচিব, নরডিক অধিশাখা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
১১) প্রধান পরিকল্পনা কর্মকর্তা, প্রধান পরিকল্পনা কর্মকর্তার দপ্তর, বাংলাদেশ রেলওয়ে
১২) মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রী মহোদয়ের দপ্তর, রেলপথ মন্ত্রণালয়
১৩) সরকারি রেল পরিদর্শক, সরকারি রেল পরিদর্শকের দপ্তর, রেলপথ পরিদর্শন অধিদপ্তর
১৪) উপসচিব, বাস্তবায়ন, পরিবীক্ষন ও মূল্যায়ন অধিশাখা, রেলপথ মন্ত্রণালয়
১৫) উপসচিব, বাজেট অধিশাখা, রেলপথ মন্ত্রণালয়
১৬) উপসচিব, প্রশাসন-৪ শাখা, রেলপথ মন্ত্রণালয়
১৭) উপসচিব, উন্নয়ন-১ শাখা, রেলপথ মন্ত্রণালয়
১৮) উপসচিব, উন্নয়ন-২ শাখা, রেলপথ মন্ত্রণালয়
১৯) চীফ একাউন্টস এন্ড ফাইনান্স অফিসার, চীফ একাউন্টস এন্ড ফাইনান্স অফিসারের কার্যালয়, রেলপথ মন্ত্রণালয়, হিসাব ভবন (৪র্থ তলা), সেগুনবাগিচা, ঢাকা।
২০) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, রেলপথ মন্ত্রণালয় (কার্যবিবরণীটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ))
২১) সহকারী সচিব, বাজেট-২ শাখা, রেলপথ মন্ত্রণালয়
২২) সহকারী সচিব, বাজেট-১ শাখা, রেলপথ মন্ত্রণালয়
২৩) সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব), বাস্তবায়ন, পরিবীক্ষন ও মূল্যায়ন-১ শাখা, রেলপথ মন্ত্রণালয়
২৪) হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, রেলপথ মন্ত্রণালয়
২৫) অফিস, কপি

মোঃ আব্দুল খালেক মিঞা
সহকারী সচিব